গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ভূমি ভবন, ৯৮ শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

ভূমিসেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

বিষয় : শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ, চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
তারিখ : ১১-০৬-২০২৪ খ্রি.
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পতাকা 'ক' তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভায় উপস্থিত মানিকগঞ্জ জেলার জেলা প্রশাসক জনাব রেহেনা আকতার ও জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ-এর কর্মকর্তাগণ, মানিকগঞ্জ জেলার অন্তর্গত সকল সহকারী কমিশনার (ভূমি)গণ এবং সকল ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তাগণসহ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ, সুশীল সমাজের প্রতিনিধিগণ এবং সেবা গ্রহীতাগণের পরিচিতি পর্ব শেষে সভাপতির অনুমতিক্রমে উপ-ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা জনাব মো: রেজাউল কবীর অংশীজনদের সঙ্গে সভার বিষয়বস্তু সম্পর্কে উপস্থিত সদস্যদের অবহিত করেন। অতঃপর কার্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | সেবাগ্রহীতার আস্থা সৃষ্টির লক্ষ্যে সরকারি সেবার মান উন্নত করা | আলোচনা: সভাপতি বলেন যে, অংশীজনের সাথে মতবিনিময় মানে হলো সেবার বাস্তবচিত্র নিয়ে কথা বলা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভূমিসেবায় ঐতিহাসিক পদক্ষেপ গ্রহণ করেছিলেন। বর্তমান সরকারের উদ্দেশ্য জনগণের স্মার্ট ভূমিসেবা নিশ্চিত করা। মাঠপর্যায়ের কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, জনগণের দোরগোড়ায় সেবা প্রদানের জন্য ভূমি সেবা সহজ, সরল ও নির্ভেজাল করা ভূমি সংস্কার বোর্ডের মূল লক্ষ্য।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) সেবাদাতা ও সেবাগ্রহীতার মাঝে সুসম্পর্ক সৃষ্টির লক্ষ্যে customer's feedback ব্যবস্থা চালু করতে হবে। ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত সকল কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল) |
| ২। | ভূমি সেবায় ডিজিটালাইজেশনের ব্যবহার নিশ্চিতকরণ | আলোচনা: উপ-ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা জনাব মো: রেজাউল কবীর বলেন যে, ভূমি সংস্কার বোর্ড স্মার্ট ভূমিসেবা নিয়ে কাজ করে চলেছে। একদেশ একরেট এবং লাইভ রোবটিক সিস্টেমের মাধ্যমে সেবার মান সম্পর্কে রেটিং প্রদান করা হবে এবং ল্যান্ড স্মার্ট পয়েন্ট তেরি করা হবে যাতে সেবা গ্রহীতা আরও সহজে সেবা গ্রহণ করতে পারে।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) স্মার্ট ভূমি ব্যবস্থাপনার জন্য স্মার্ট কর্মকৌশল নির্ধারণ করতে হবে এবং ল্যান্ড স্মার্ট পয়েন্ট মোতাবেক ভূমি সেবাকে সহজীকরণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৩। | সিটিজেন'স চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থপনা এবং তথ্য অধিকার আইন বাস্তবায়ন | আলোচনা: সভাপতি আরও উল্লেখ করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান-এর সোনার বাংলার গড়ার প্রত্যয় থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সৃষ্টি। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার মূল উদ্দেশ্য হলো সকল স্তর থেকে দুর্নীতি নির্মূল করা। সেবা পাওয়া নাগরিকের অধিকার। অধিকার ক্ষুণ্ন হলে বা কেউ সংক্ষুব্ধ হলে তিনি Grievance Redress System (GRS)-এ গিয়ে আবেদন দাখিল করতে পারবেন। এছাড়া প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ জেলা ও উপজেলায় সরকারি অফিসসমূহের সিটিজেন'স চার্টার দৃষ্টিগোচর স্থানে স্থাপন করার জন্য অনুরোধ করেন। এছাড়া GRS-এর বিষয়ে প্রচার-প্রচারণার জন্য অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) মাঠ পর্যায়ের সকল অফিসে দৃষ্টিগোচর স্থানে সিটিজেন'স চার্টার স্থাপন ও হালনাগাদ করতে হবে এবং সিটিজেন'স চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার আইন সম্পর্কে সেবাগ্রহীতাদেরকে অভিহিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| ৪। | বাজেট | আলোচনা: মাঠ পর্যায় হতে আগত সহকারী কমিশনার (ভূমি) ও ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তাগণ বাজেট সংক্রান্ত দাবি দ্রুততম সময়ে নিষ্পত্তির জন্য দৃষ্টি আকর্ষণ করলে সভাপতি মহোদয় নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে সার্ভিস প্রোভাইডারদের লজিস্টিক সাপোর্ট, আইটি সামগ্রী প্রদানসহ ব্রডবেন্ড লাইন বিশিষ্ট ইন্টারনেট সুবিধার ব্যবস্থা করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ |
| ৫। | ভূমি সংস্কার বোর্ড-এর ১৮০ দিনের কর্মপরিকল্পনা | আলোচনা: উপ-ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা জনাব মো: রেজাউল কবীর বলেন যে, ভূমি সংস্কার বোর্ড ইতোমধ্যে ১৮০ দিনের কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। ১৮০ দিনের কর্মপরিকল্পনার আওতায় ৫টি কর্মপরিকল্পনা রয়েছে। যথা:<br>(১) ১০০% হয়রানিমুক্ত নাগরিক সেবা নিশ্চিতকরণ;<br>(২) দুর্নীতিতে জিরো টলারেন্স প্রদর্শন ও বাস্তবায়ন;<br>(৩) খাসজমি চিহ্নিতকরণ, বর্তমান অবস্থা সনাক্তকরণের জন্য ভিডিও চিত্রধারণ;<br><br>(৪) জলমহালসমূহের বিস্তারিত তথ্য সংগ্রহ ও সুষ্ঠু ব্যবস্থাপনায় গতি আনয়ন; এবং<br>(৫) সর্বোচ্চ রাজস্ব সংগ্রহ এবং সরকারি কোষাগারে জমা প্রদান।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) ভূমি সংস্কার বোর্ড-এর ১৮০ দিনের পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে এবং এর আওতায় ভূমি ব্যবস্থাপনাকে স্মার্ট করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল) |
| ৬। | বিবিধ | আলোচনা: সভাপতি বলেন যে, সেবাগ্রহীতার প্রতি সহকারী কমিশনার (ভূমি)গণের Empathy থাকতে হবে। ভূমিসেবার সাথে সম্পৃক্ত সকলকে শুদ্ধাচারী হওয়ার জন্য তিনি আহ্বান জানান। এছাড়া সুশীল সমাজের প্রতিনিধিগণ এবং সেবা গ্রহীতাগণ বলেন যে, ডিজিটাল পদ্ধতির ভূমি সেবা সম্পর্কে জনগণকে সচেতন করতে ব্যাপক প্রচার-প্রচারণার প্রয়োজন।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) ডিজিটাল ব্যবস্থাপনায় উন্নত প্রযুক্তির মাধ্যমে ই-নামজারি ও ভূমি উন্নয়ন কর আদায় সম্পর্কে ব্যাপক প্রচার করতে হবে। প্রতিটি এলাকার মসজিদ এবং হাট-বাজারে ব্যাপকভাবে প্রচার/প্রচরণা করা এবং সেবা প্রদানের পদ্ধতি সম্পর্কে বিজ্ঞপ্তি/সামাজিক যোগাযোগ মাধ্যম/লোকাল টেলিভিশনের মাধ্যমে প্রচার করতে হবে। | (ক) জেলা প্রশাসক (সকল)<br>(খ) সহকারী কমিশনার (ভূমি) (সকল)<br>(গ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪, ভূমি সংস্কার বোর্ড |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৬/২০২৪

মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন নং-০২-৮১৭০১৪৩
ই-মেইল-chairman@lrb.gov.bd

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৫.০১৮.২৩.১১৫

তারিখ : ১০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৪ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৩) যুগ্মসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়
(৪) জেলা প্রশাসক, মানিকগঞ্জ
(৫) উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৬) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা বিভাগ
(৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা
(৮) সহকারী ভূমি সংস্কার কমিশনার, ১/২/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৯) চেয়ারম্যান (সচিব)-এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
(১০) হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(১১) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
(১২) সহকারী কমিশনার (ভূমি) (সকল), মানিকগঞ্জ
(১৩) হিসাব রক্ষক, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(১৪) জনাব........................................................................................................................
(১৫) অফিস কপি

২৪/৬/২৪

খৃষ্টফার হিমেল রিছিল
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন: ০২-৪১০১০৪৫৪
ই-মেইল : alrc3@lrb.gov.bd